gov Letter

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বিপ্র-০৭ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

নম্বর: ৩৯.০০.০০০০.০০০.২০৭.০২.০০১.২৫-৯৪

তারিখ: ০৮ ভাদ্র ১৪৩৩ / ২০ আগস্ট ২০২৬

বিষয়: বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬-এ বিশ্ববিদ্যালয় সমূহের অংশগ্রহণ ও সহযোগিতা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর উদ্যোগে এবং জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের বাস্তবায়নে আগামী ১২-১৪ সেপ্টেম্বর ২০২৬ তারিখে নভোথিয়েটার, ঢাকায় **"বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬"** অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত অনুষ্ঠানে জনাব তারেক রহমান, এমপি, মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি প্রদান করেছেন।

০২। এ আয়োজনের প্রতিপাদ্য বিষয় **"Innovate to Market"**। দেশের বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান, উদ্ভাবক, শিল্পখাত, বিনিয়োগকারী ও সংশ্লিষ্ট অংশীজনদের একটি সমন্বিত Innovation Ecosystem-এর আওতায় যুক্ত করে গবেষণা ও উদ্ভাবনকে বাস্তব প্রয়োগ, শিল্প এবং বাজারের সঙ্গে সংযুক্ত করাই এই আয়োজনের অন্যতম প্রধান লক্ষ্য। বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোতে পরিচালিত গবেষণা, শিক্ষার্থীদের উদ্ভাবনী প্রকল্প, প্রোটোটাইপ এবং নতুন প্রযুক্তিনির্ভর উদ্যোগসমূহকে জাতীয় পর্যায়ে তুলে ধরা এবং সম্ভাবনাময় উদ্ভাবনগুলোকে শিল্প, বিনিয়োগ ও বাজারের সঙ্গে সংযুক্ত করার ক্ষেত্রে আপনার বিশ্ববিদ্যালয়ের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

০৩। এ প্রেক্ষিতে, বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬-এ বিশ্ববিদ্যালয়গুলোর অংশগ্রহণ, গবেষণা ও উদ্ভাবন প্রদর্শন, শিক্ষার্থী ও গবেষকগণের সম্পৃক্ততা এবং পারস্পরিক সহযোগিতা নিশ্চিতকরণের উদ্দেশ্যে আপনার প্রয়োজনীয় প্রস্তুতিসহ অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২০/০৮/২৬

মোঃ নাজমুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫৪৩৩

উপাচার্য (সকল বিশ্ববিদ্যালয়)

স্মারক নং-রেজি/প্রশা-৩/ ১৫৫৬১ - জি

তারিখ: ১৫/৫ /১৪৩৩ বঙ্গাব্দ / ৩০/৮ /২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও অংশগ্রহণকারীদের কর্মপরিকল্পনাসহ বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর নিকট আগামী ০৬-০৯-২০২৬ তারিখ রবিবার-এর মধ্যে প্রেরণের অনুরোধসহ কপি প্রেরিত হলো :

১. ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
২. সকল হল ও হোস্টেলের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩. চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৪. পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়
৫. পরিচালক, সকল গবেষণা কেন্দ্র/ব্যুরো, ঢাকা বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় — বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।
৭. টেকনিক্যাল অফিসার, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয় — ই-মেইলে কপি প্রেরণের অনুরোধ করা হলো।

all
2/9/26

(সৈয়দা মাসুদা আক্তার)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৩)
ঢাকা বিশ্ববিদ্যালয়
ফোন : ৯৬৬১৯০০-৫৯/৪০১১